গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১২০/২০১৮-১৯

ঢাকা, বুধবার ১৯ ডিসেম্বর ২০১৮, ৫ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহার প্রকাশ : সমৃদ্ধির অগ্রযাত্রায় ২১ অঙ্গীকার

২। নৌকায় ভোট দিন, উন্নয়ন ও সমৃদ্ধি দেব : প্রধানমন্ত্রী

৩। উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় কিশোরগঞ্জবাসীর কাছে নৌকা মার্কায় ভোট চাইলেন প্রধানমন্ত্রী
বান্দরবানকে উন্নয়ন ও পর্যটনের রোল মডেল করব : প্রধানমন্ত্রী

৪। বিচার জনগণের জন্য, জনগণ বিচারের জন্য নয় : সুপ্রিম কোর্ট দিবসে রাষ্ট্রপতি

৫। নির্বাচনের লেভেল প্লেইং ফিল্ড আছে : সিইসি

৬। ভোটের ফল প্রকাশে সতর্কতার নির্দেশ ইসি'র

৭। আইনশৃঙ্খলা বাহিনীর জন্য অগ্রিম ২৭১ কোটি টাকা ছাড় করল ইসি

৮। ভোটের দিন ৩০ ডিসেম্বর ছুটি ঘোষণার নির্দেশ ইসি'র

৯। চলতি অর্থবছরে রফতানি আয় ছাড়াবে লক্ষ্যমাত্রা : বাণিজ্যমন্ত্রী
১৭৮ জনকে সিআইপি কার্ড প্রদান

১০। চার ক্ষেত্রে বাংলাদেশের বিস্ময়কর সাফল্য : ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের প্রতিবেদন

১১। রোবট অলিম্পিয়াডে বাংলাদেশের স্বর্ণ জয়

১২। বেগম খালেদা জিয়ার প্রার্থিতা বাতিলের সিদ্ধান্তের বিরুদ্ধে করা রিট আবেদন হাইকোর্টে খারিজ

১৩। বিএনপি'র নির্বাচনি ইশতেহার প্রকাশ : ১৯ দফা প্রতিশ্রুতি

১৪। জাতীয় সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় সারাদেশে বিজিবি মোতায়েন

১৫। আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ ও যানজট নিরসনে রাজধানীতে ৮৮ সিসি ক্যামেরা বসছে

চলমান পাতা-২

**১। আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহার প্রকাশ : সমৃদ্ধির অগ্রযাত্রায় ২১ অঙ্গীকার**

উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দিয়ে আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহার ঘোষণা করলেন দলের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ঘোষিত 'সমৃদ্ধির অগ্রযাত্রায় অপ্রতিরোধ্য বাংলাদেশ' শীর্ষক এ ইশতেহারে **২১** দফা বিশেষ অঙ্গীকার তুলে ধরা হয়। ইশতেহারে তারুণ্য এবং গ্রাম উন্নয়নকে প্রাধান্য দিয়ে বলা হয়েছে, ক্ষমতায় যেতে পারলে দেশের প্রতিটি গ্রামকে আধুনিক নগরের সুবিধাসম্পন্ন হিসেবে গড়ে তোলা হবে। আরও চাঙ্গা করা হবে গ্রামাঞ্চলের অর্থনীতি। দুর্নীতির বিরুদ্ধে থাকবে জিরো টলারেন্স নীতি। পাশাপাশি নারীর ক্ষমতায়ন, লিঙ্গ সমতা ও শিশুকল্যাণ, পুষ্টিসম্মত ও নিরাপদ খাদ্যের নিশ্চয়তা, সন্ত্রাস-সাম্প্রদায়িকতা-জঙ্গিবাদ ও মাদক নির্মূলকে ইশতেহারে বিশেষ বিবেচনায় রাখা হয়েছে। সেইসঙ্গে দেশের উন্নয়ন-অগ্রগতি ধরে রাখতে মেগা প্রকল্পগুলোর দ্রুত ও মানসম্মত বাস্তবায়নের প্রতিশ্রুতিও দিয়েছে ক্ষমতাসীন দলটি। গতকাল (১৮ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর সোনারগাঁও হোটেলের বলরুমে এ ইশতেহার ঘোষণা করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**২। নৌকায় ভোট দিন, উন্নয়ন ও সমৃদ্ধি দেব : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৩০ তারিখে নৌকা মার্কায় ভোট দিয়ে আবার আওয়ামী লীগের বিজয়কে নিশ্চিত করার জন্য দেশবাসীর কাছে আবেদন জানিয়ে বলেছেন, আপনারা নৌকায় ভোট দিন, আমরা আপনাদের উন্নয়ন ও সমৃদ্ধি দেব। আমি কথা দিচ্ছি, অতীত থেকে শিক্ষা নিয়ে আমরা আরও সুন্দর ভবিষ্যৎ নির্মাণ করব। বিজয়ের মাসে ব্যালট বিপ্লবের মাধ্যমে বাঙালি জাতি এবার স্বাধীনতার প্রতীক নৌকার বিজয় ছিনিয়ে আনবে এ বিশ্বাস আছে। এক দশকে সরকার পরিচালনায় কোনো ভুল হয়ে থাকলে তা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানিয়ে প্রধানমন্ত্রী দেশবাসীর উদ্দেশে আরও বলেন, মানুষ মাত্রই ভুল হয়। কাজ করতে গিয়ে আমার, আমার সহকর্মীদেরও ভুলভ্রান্তি হয়ে থাকতে পারে। আমি নিজের এবং দলের পক্ষ থেকে আমাদের ভুল-ভ্রান্তিগুলো ক্ষমাসুন্দর চোখে দেখার জন্য দেশবাসীর প্রতি সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। গতকাল (১৮ ডিসেম্বর মঙ্গলবার) প্যান প্যাসিফিক সোনারগাঁওয়ে 'সমৃদ্ধির অগ্রযাত্রায় অপ্রতিরোধ্য বাংলাদেশ' শিরোনামে নির্বাচনি ইশতেহার ঘোষণাকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় কিশোরগঞ্জবাসীর কাছে নৌকা মার্কায় ভোট চাইলেন প্রধানমন্ত্রী**
**বান্দরবানকে উন্নয়ন ও পর্যটনের রোল মডেল করব : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় কিশোরগঞ্জবাসীর কাছে নৌকা মার্কায় ভোট চেয়েছেন। গতকাল (১৮ ডিসেম্বর মঙ্গলবার) নৌকার সমর্থনে পুরাতন স্টেডিয়ামে জেলা আওয়ামী লীগ আয়োজিত নির্বাচনি সভায় ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বক্তৃতায় অসুস্থ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও জনপ্রশাসন মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের জন্য সকলের নিকট দোয়া চেয়ে তাঁর পক্ষে নৌকায় ভোট চান।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বান্দরবানকে আমরা উন্নয়নের ও পর্যটনের রোল মডেল করব। গতকাল (১৮ ডিসেম্বর মঙ্গলবার) ধানমণ্ডির সুধাসদন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বান্দরবানে নির্বাচনি জনসভায় অংশগ্রহণ করে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.১)।

**৪। বিচার জনগণের জন্য, জনগণ বিচারের জন্য নয় : সুপ্রিম কোর্ট দিবসে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বিচার পাওয়া জনগণের মৌলিক অধিকার। এটা বিচারপ্রার্থীদের প্রতি দয়া বা সহানুভূতি দেখানোর কোনো বিষয় নয়। বিচার জনগণের জন্য, কিন্তু জনগণ বিচারের জন্য নয়। তিনি বলেন, বিচারকদের খেয়াল রাখতে হবে, মামলার রায় ঘোষণার পর রায়ের কপি পাওয়ার ক্ষেত্রে বিচারপ্রার্থীদের যেন আদালতের বারান্দায় ঘোরাঘুরি করতে না হয়, হয়রানির শিকার হতে না হয়। দরিদ্র বিচারপ্রার্থীরা যাতে স্বল্পতম সময়ে ন্যায়বিচার পায় তা নিশ্চিত করতে হবে। বাংলাদেশ সুপ্রিম কোর্ট দিবস উপলক্ষে গতকাল (১৮ ডিসেম্বর মঙ্গলবার) আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৫। নির্বাচনের লেভেল প্লেইং ফিল্ড আছে : সিইসি**

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা বলেছেন, নির্বাচনের লেভেল প্লেয়িং ফিল্ড আছে। বিদ্যমান পরিস্থিতি কমিশনের নিয়ন্ত্রণে রয়েছে। ফলে প্রার্থীরা নির্ভয়ে নির্বাচনি প্রচারপ্রচারণা, সভা, সমাবেশ করছে। কেউ বাধা দিচ্ছে না। প্রার্থীরা সৌহার্দ্যপূর্ণ পরিবেশে প্রচারণা চালাচ্ছে। নিরপেক্ষভাবে সকলের প্রতি সমান দৃষ্টি রেখে

দায়িত্ব পালনের জন্য প্রশাসনের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রতি নির্দেশ প্রদান করেন তিনি। একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গতকাল (১৮ ডিসেম্বর মঙ্গলবার) চট্টগ্রাম নগরীর একটি কমিউনিটি সেন্টারে চট্টগ্রাম বিভাগীয় কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে সিইসি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৬। ভোটের ফল প্রকাশে সতর্কতার নির্দেশ ইসি'র**

নির্বাচন কমিশনকে বিব্রতকর পরিস্থিতির বাইরে রাখতে নির্বাচনে তথ্য ও ফল ব্যবস্থাপনার কাজে নিয়োজিতদের সতর্ক হয়ে সঠিক তথ্য দেওয়ার নির্দেশ দিয়েছেন নির্বাচন কমিশনার রফিকুল ইসলাম। তিনি বলেন, ভুল তথ্যের জন্য সংঘাত সৃষ্টি হওয়ার আশংকা থাকে। নির্বাচন কমিশনের প্রতিও মানুষের আস্থা নষ্ট হয়ে যাবে। গতকাল (১৮ ডিসেম্বর মঙ্গলবার) নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটে নির্বাচন, প্রার্থী তথ্য ও ফল ব্যবস্থাপনা-সংক্রান্ত প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। প্রশিক্ষণে অংশগ্রহণ করেন বিভিন্ন জেলা-উপজেলা নির্বাচন অফিসের অফিস সহকারী ও কম্পিউটার অপারেটর পর্যায়ের কর্মচারী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৪)।

**৭। আইনশৃঙ্খলা বাহিনীর জন্য অগ্রিম ২৭১ কোটি টাকা ছাড় করল ইসি**

একাদশ সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা বাহিনীর জন্য ২৭১ কোটি ৮৩ লাখ ৩২ হাজার টাকা আগাম বরাদ্দ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। পুলিশ, র‍্যাব, বিজিবি, আনসার-ভিডিপি ও কোস্টগার্ডের জন্য এ বরাদ্দ দেওয়া হয়েছে। দু'একদিনের মধ্যে এ বরাদ্দ তাদের কাছে পৌঁছে যাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৪)।

**৮। ভোটের দিন ৩০ ডিসেম্বর ছুটি ঘোষণার নির্দেশ ইসি'র**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের দিন (৩০ ডিসেম্বর রোববার) সাধারণ ছুটি ঘোষণা করতে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। এ দিন সব অফিস আদালত বন্ধ থাকবে। গতকাল (১৮ ডিসেম্বর মঙ্গলবার) নির্বাচন কমিশনের যুগ্মসচিব ফরহাদ আহমদ খান স্বাক্ষরিত এ সংক্রান্ত একটি চিঠিতে এমন নির্দেশনা জনপ্রশাসন সচিবকে পাঠানো হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৯। চলতি অর্থবছরে রফতানি আয় ছাড়াবে লক্ষ্যমাত্রা : বাণিজ্যমন্ত্রী**
**১৭৮ জনকে সিআইপি কার্ড প্রদান**

চলতি অর্থবছরে রফতানি আয় লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে বলে আশা করছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেছেন, ইতোমধ্যে গত পাঁচ মাসে এক হাজার ৭৭৩ কোটি মার্কিন ডলার রফতানি আয় হয়েছে। গত বছরের একই সময়ের তুলনায় যা ১৭ দশমিক ২৯ শতাংশ বেশি। আশা করা হচ্ছে, এ বছর রফতানি আয় লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে। গতকাল (১৮ ডিসেম্বর মঙ্গলবার) বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) রফতানি ও ট্রেড কার্ড-২০১৬ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী এ আশাবাদ ব্যক্ত করেন। বাণিজ্য মন্ত্রণালয় ও রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) যৌথভাবে কারওয়ান বাজারের টিসিবি ভবনে এ অনুষ্ঠানের আয়োজন করে। এবার রফতানিতে সিআইপি কার্ড পেয়েছেন মোট ১৭৮ জন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৫)।

**১০। চার ক্ষেত্রে বাংলাদেশের বিস্ময়কর সাফল্য : ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের প্রতিবেদন**

নারী-পুরুষের সমতার দিক দিয়ে দক্ষিণ এশিয়ায় সব দেশের উপরে স্থান পেয়েছে বাংলাদেশ। চারটি ক্ষেত্রে আবার বাংলাদেশ বিশ্বের সব দেশের উপরে স্থান পেয়েছে। গত ১৭ ডিসেম্বর সোমবার প্রকাশিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিইএফ) বৈশ্বিক লিঙ্গবৈষম্য প্রতিবেদনে এ তথ্য তুলে ধরা হয়েছে। চারটি ক্ষেত্রের তিনটি হল ছেলে ও মেয়েশিশুদের বিদ্যালয়ে ভর্তি, মাধ্যমিকে ছেলে ও মেয়েদের সমতা এবং সরকারপ্রধান হিসেবে কত সময় ধরে একজন নারী রয়েছেন। চতুর্থটি হল জন্মের সময় ছেলে ও মেয়েশিশুর সংখ্যাগত সমতা। প্রতিবেদন অনুযায়ী, গত এক যুগে নারী-পুরুষ সমতার ক্ষেত্রে বেশ ভালো উন্নতি হয়েছে বাংলাদেশের। ২০০৬ সালেও বাংলাদেশের অবস্থান ছিল ৯১তম। বাংলাদেশের পরে রয়েছে শ্রীলঙ্কা, অবস্থান ১০০তম। নেপাল ১০৫, ভারত ১০৮, মালদ্বীপ ১১৩, ভুটান ১২২ ও পাকিস্তান ১৪৮তম অবস্থান পেয়েছে। বাংলাদেশ সবচেয়ে ভালো করেছে রাজনৈতিক ক্ষমতায়নের সূচকে। এ সূচকে সামগ্রিকভাবে বাংলাদেশের অবস্থান বিশ্বে পঞ্চম। শিক্ষায় অংশগ্রহণের দিক দিয়ে বাংলাদেশের অবস্থান ১১৬তম। প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে ছেলে ও মেয়েদের সমতার ক্ষেত্রে বাংলাদেশ বিশ্বে ১ নম্বর অবস্থান পেলেও

উচ্চশিক্ষায় নারী-পুরুষের সমতার ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান **১২১**তম। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

**১১। রোবট অলিম্পিয়াডে বাংলাদেশের স্বর্ণ জয়**

রোবট অলিম্পিয়াডে বিজয়ের পতাকা উত্তোলন করল বাংলাদেশের তরুণরা। ফিলিপাইনের ম্যানিলায় ২০তম রোবট অলিম্পিয়াডে প্রথমবারের মতো স্বর্ণপদক অর্জন করেছে বাংলাদেশ। পাশাপাশি আরও তিনটি পুরস্কার জিতে নিয়েছে বাংলাদেশ। এছাড়াও 'রোবট ইন মুভি' জুনিয়র গ্রুপে দু'টি বিশেষ সুপারিশ পদক পায় বাংলাদেশ। ২০তম রোবট অলিম্পিয়াডে বাংলাদেশ থেকে আট সদস্যের প্রতিযোগী দল অংশ নেয়। এতে দলনেতা হিসেবে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোবোটিকস ও মেকাট্রনিকস ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপারসন লাফিফা জামাল। চার দিনব্যাপী এ প্রতিযোগিতা গত **১৫** ডিসেম্বর শনিবার অনুষ্ঠিত হয়। গতকাল (**১৮** ডিসেম্বর মঙ্গলবার) ম্যানিলায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬)।

**১২। বেগম খালেদা জিয়ার প্রার্থিতা বাতিলের সিদ্ধান্তের বিরুদ্ধে করা রিট আবেদন হাইকোর্টে খারিজ**

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে তিনটি আসনে (ফেনী-**১**, বগুড়া-৬ ও ৭) বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার প্রার্থিতা বাতিলের সিদ্ধান্তের বিরুদ্ধে করা রিট আবেদন খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। এর ফলে তার প্রার্থিতা বাতিলই থাকছে বলে জানিয়েছেন আইনজীবীরা। গতকাল (**১৮** ডিসেম্বর মঙ্গলবার) বিচারপতি জে বি এম হাসানের একক হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আদালতে নির্বাচন কমিশনের পক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** ( পৃ.১,ক.৮)।

**১৩। বিএনপি'র নির্বাচনি ইশতেহার প্রকাশ : ১৯ দফা প্রতিশ্রুতি**

ক্ষমতায় গেলে নির্বাচনের দিনের গণতন্ত্রকে নিত্যদিনের অনুশীলনে পরিণত করার প্রতিশ্রুতি দিয়েছে বিএনপি। অঙ্গীকার করেছে রাষ্ট্রে জনগণের মালিকানা সুদৃঢ় করার। এ জন্য মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করাসহ সব কালো আইন বাতিল করবে দলটি। ঐকমত্য, সবার অন্তর্ভুক্তি এবং প্রতিহিংসাহীনতা হবে বিএনপি'র রাষ্ট্র পরিচালনার মূলনীতি। প্রতিবছর প্রধানমন্ত্রী, মন্ত্রী, এমপিদের সম্পদের হিসাব প্রকাশ এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির হার **১১** শতাংশে উন্নীত করবে দলটি। সব দলের সঙ্গে আলোচনা করে নির্বাচনকালীন সরকার ব্যবস্থা প্রতিষ্ঠার আইন করবে বিএনপি। বিএনপি'র নির্বাচনি ইশতেহারে এসব প্রতিশ্রুতি রয়েছে। গতকাল (**১৮** ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর হোটেল লেক শোরে সংবাদসম্মেলনে **১৯** দফার এ ইশতেহার ঘোষণা করা হয়। বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ ইশতেহার ঘোষণা করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**১৪। জাতীয় সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় সারাদেশে বিজিবি মোতায়েন**

জাতীয় সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় সারাদেশে **১** হাজার **১৬** প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে। ঢাকা থেকে বিজিবি সদস্যদের বিভিন্ন জেলায় পাঠানো হয়েছে। এর মধ্যে ঢাকায় মোতায়েন করা হচ্ছে ৫০ প্লাটুন বিজিবি। এদিকে উপকূলীয় ৬ জেলাসহ বিভিন্ন জেলায় সেনা ও নৌবাহিনী অবস্থান নিয়ে রেকি শুরু করেছে। যদিও ২৪ ডিসেম্বর থেকে সেনা ও নৌবাহিনীর অপারেশনাল কার্যক্রম শুরু হবে। গতকাল (**১৮** ডিসেম্বর মঙ্গলবার) বিজিবি সদরদফতর এ তথ্য নিশ্চিত করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**১৫। আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ ও যানজট নিরসনে রাজধানীতে ৮৮ সিসি ক্যামেরা বসছে**

আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ ও যানজট নিরসনের জন্য রাজধানীতে ৮৮টি সিসি ক্যামেরা বসানো হচ্ছে। পুলিশ জানায়, আব্দুল্লাহপুর থেকে কাজলা সড়কে ৩৩ পয়েন্টের ৩৮টি লোকেশনে এসব ক্যামেরা বসানো হবে। এতে এ সড়কে যেমন যানজট নিরসন সহজ হবে ঠিক তেমনি অপরাধ নিয়ন্ত্রণ ও নিরাপত্তাব্যবস্থা জোরালো হবে। গতকাল (**১৮** ডিসেম্বর মঙ্গলবার) ডিএমপি হেডকোয়ার্টার্সে ট্রাফিক বিভাগ এ বিষয়ে একটি বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতাস্মারক স্বাক্ষর করেছে। সমঝোতাস্মারক স্বাক্ষর অনুষ্ঠানে ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়াসহ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.**১**) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীতে কমলাপুর রেলওয়ে স্টেশনে যাত্রীদের জন্য শৌচাগারের ব্যবস্থা না থাকায় তা দুর্ভোগের কারণ হচ্ছে উল্লেখ করে সাধারণ যাত্রীদের জন্য শৌচাগারের ব্যবস্থা করার সুপারিশ।

খ. **সমকাল, যুগান্তর :** একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে দেশের বিভিন্ন রাজনৈতিক দল নির্বাচনি ইশতেহার ঘোষণা করেছে উল্লেখ করে রাজনৈতিক দলগুলো এবং তাদের প্রার্থীরা নির্বাচনি অঙ্গীকার পূরণে যত্নবান থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **যায়যায়দিন :** সরকারের নানা উদ্যোগের পরও মধ্যপ্রাচ্যের শ্রমবাজারে অস্থিরতাসহ শ্রমিকের দক্ষতা না বাড়ায় জনশক্তি রপ্তানি কমেছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **বণিক বার্তা, সংবাদ :** ঢাকাজুড়ে প্রায় সাড়ে ৬ হাজার কোটি টাকার বিভিন্ন ধরনের উন্নয়ন প্রকল্পের কাজ চললেও কোনোটির অগ্রগতিই কাঙ্ক্ষিত মানের নয় উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঙ. **অবজারভার :** খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে টেকসই কৃষিখাতের জন্য অধিক গবেষণা ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে আরও বরাদ্দ বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কষ্টে সংগ্রামে অর্জিত স্বাধীনতা রক্ষায় ও দেশের মানুষের কল্যাণে রাজনৈতিক দলগুলো পারস্পরিক হানাহানি ভুলে দেশকে অর্থনৈতিক সমৃদ্ধির দিকে এগিয়ে নেবে এটাই এ দেশের সচেতন জনগণের প্রত্যাশা।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'পরিবেশ দূষণে ইটভাটাও কম যায় না'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, অবকাঠামো নির্মাণকাজে অতি প্রয়োজনীয় ইটের ব্যবহারকে মাথায় রেখে দেশের ইটভাটাগুলোকে পরিবেশবান্ধব করে তোলা বিশেষ জরুরি।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা